# জালালাবাদ গ্যাস টি অ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

## বাৎসরিক ইনোভেটিভ কর্মপরিকল্পনা ২০১৬, জেজিটিডিএসএল

কার্যাদেশ নং- ২৮.১৬.৯১০০.০০৫.০০.০০১.১৬/২৮৭-১
তারিখঃ ১৮ ফেব্রুয়ারী, ২০১৬

মহাব্যবস্থাপক (বিপণন, উত্তর) এর দপ্তর
গ্যাস ভবন (৫ম তলা), মেন্দিবাগ, সিলেট-৩১০০।

বিষয় ঃ কোম্পানীতে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা, ২০১৬ প্রণয়ন প্রসঙ্গে।

কোম্পানীর কাজের গতিশীলতা, গুণগত পরির্তন ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নগিরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চা বৃদ্ধির লক্ষ্যে জালালাবাদ গ্যাস টি অ্যান্ড ডি সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল) এর দপ্তর আদেশ নং- ২৮.১৬.৯১০০.০৭৭.০১.০০১.১৬/৯৭৪, তারিখঃ ২৭-০১-২০১৬ অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি ইনোভেশন টিম গঠিত হয়।

| | |
|---|---|
| ১। প্রকৌ. মোঃ আব্দুল মুমিন<br>মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর) | - ইনোভেশন অফিসার |
| ২। প্রকৌ. এ,বি,এম শরীফ<br>উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) | - সদস্য |
| ৩। জনাব আবু তাহের মোঃ ছাদেক<br>ইনচার্জ (অর্থ ডিপার্টমেন্ট) | - সদস্য |
| ৪। প্রকৌ. মোঃ রবিউল আলম<br>উপ-ব্যবস্থাপক, এসএমএস | - সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |

**কমিটির কার্যপরিধিঃ**

(১) পেট্রোবাংলার ২০-০১-২০১৬ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানীর ইনোভেশন টিম মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত ''উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫" অনুসরণে কোম্পানীতে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বছরের শুরুতে মাসিক সমন্বয় সভার অনুমোদন গ্রহন ও বাস্তবায়ন করবে।

(২) প্রতিমাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সভায় উপস্থাপন করবে।

(৩) ইনোভেশন টিম প্রয়োজনে মন্ত্রণালয়/পেট্রোবাংলার ইনোভেশন টিম এর সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন করবে।

(৪) ইনোভেশন টিম প্রতি বছর ৩১ জানুয়ারীর মধ্যে পূর্ববর্তী বছরের একটি পুর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, পেট্রোবাংলায় প্রেরণ এবং ওয়েবসাইটে প্রকাশ করবে।

(৫) কোম্পানীর ইনোভেশন টিম এতদসংক্রান্ত সকল কার্যক্রম গ্রহন করবে।

(৬) কমিটি অফিস আদেশ জারীর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে কোম্পানীতে ইনোভেশন কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে এতদসংক্রান্ত প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক বরাবরে প্রেরণ করবে।

**কমিটির কার্যক্রমঃ**

মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত ''উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫" অনুযায়ী কর্মমূল্যায়ন ছক ক্রমিক নং ৪.৪ (উদ্ভাবনী ধারণা আহবান, যাচাই ও বাছাই সংক্রন্ত কার্যক্রম) বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানীর আগ্রহী কর্মকর্তা ও কর্মচারীগণ এর নিকট হতে বিজ্ঞপ্তি মারফত জালালাবাদ গ্যাসের সাথে সংগতিপূর্ণ ইনোভেটিভ কর্মপরিকল্পনা প্রেরণের আহবান করা হয়।

কোম্পানীতে ইনোভেশন কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে কমিটির সদস্যগণ ১৮-০২-২০১৬ তারিখে একটি সভার মাধ্যমে ''উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫" অনুসরণে এবং কমিটির কার্যপরিধির আলোকে জেজিটিডিএসএল এর জন্য সংগতিপূর্ণ বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে।

**কমিটির মতামত/সুপারিশঃ**

জেজিটিডিএসএল এর জন্য বাৎসরিক ইনোভেটিভ কর্মপরিকল্পনা (বিবেচ্য সাল ২০১৬) সদয় বিবেচনার জন্য সুপারিশ করা হলো (তিন পাতা)।

**স্বাক্ষর**

| | | |
|---|---|---|
| ১। প্রকৌঃ মোঃ আব্দুল মুমিন, মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর) | ইনোভেশন অফিসার | |
| ২। প্রকৌঃ এ,বি,এম শরীফ, উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) | সদস্য | |
| ৩। আবু তাহের মোঃ ছাদেক, ইনচার্জ (অর্থ ডিপার্টমেন্ট) | সদস্য | |
| ৪। প্রকৌঃ মোঃ রবিউল আলম, উপ-ব্যবস্থাপক, কেন্দ্রীয় রাজস্ব শাখা | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট | |

# জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০।

## বাৎসরিক ইনোভেটিভ কর্মপরিকল্পনা ২০১৬, জেজিটিডিএসএল এর বার্ষিক চূড়ান্ত প্রতিবেদন

| ক্রঃ নং | বিষয়/ উদ্ভাবনী ক্ষেত্র | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের মান) | বাস্তবায়ন কাল (শুরু-সমাপ্তির তারিখ) | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) | কার্য সম্পাদনের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরু | সমাপ্তি | | | | | |
| ১ | নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন। | ক) অনলাইনে গ্যাস বিল পরিশোধ।<br>খ) হটলাইন প্রবর্তন। | ক) ০১-০১-১৬<br>খ) ০১-০১-১৬ | ৩১-১২-১৬<br>৩১-১২-১৬ | ক) প্রকৌঃ মোঃ আব্দুল মুমিন, ইনোভেশন অফিসার, জেজিটিডিএসএল<br><br>খ) প্রকৌঃ মোঃ আব্দুল মুমিন, ইনোভেশন অফিসার, জেজিটিডিএসএল | ক) কোম্পানীর বিভিন্ন শ্রেণীর গ্রাহকগণ ব্যাংকে গমন না করে ঘরে বসে ইন্টারনেটের মাধ্যমে অর্থাৎ অনলাইনে (ইন্টারনেট ব্যবহার করে ভিসা/ মাস্টার লগো সম্বলিত কার্ড ও মোবাইল ফোন সহ অন্যান্য বৈধ পেমেন্ট মেথড যেমন- শিওর ক্যাশ/কিউ ক্যাশ ইত্যাদি ব্যবহার করে ব্যাংকে গমন ব্যতীতই গ্যাস গ্রাহকগণ গ্যাস বিল পরিশোধ করতে পারবে) বিভিন্ন বৈধ পেমেন্ট মেথড ব্যবহার গ্যাস বিল পরিশোধ করতে পারবেন।<br><br>খ) হটলাইন নাম্বার চালু করা হলে গ্যাস গ্রাহকগণ অথবা যে কেহ গ্যাসজনিত দূর্ঘটনায় তাৎক্ষণিক যোগাযোগ এবং বিভিন্ন অভিযোগ গ্রাহক প্রান্ত হতে জালালাবাদ গ্যাসকে অবহিত করতে পারবে। | ক) অনলাইনে গ্রাহকের গ্যাস বিল পরিশোধ সংক্রান্ত ওয়েব বেইজড রাজস্ব সফটওয়্যার তৈরীর বিষয়ে জালালাবাদ গ্যাসে একটি কমিটি গঠন করা হয়েছে। এবিষয়ে কমিটির সকল সদস্য সহকারে কয়েকবার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর সাথে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়া অনলাইনে গ্রাহকের গ্যাস বিল আদায় সংক্রান্ত বিষয়সহ সফটওয়্যারের সিকিউরিটি বিষয়ে ইন্সটিটিউট অব ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি), বুয়েট এবং জালালাবাদ গ্যাস সহ ৪/৫ টি ব্যাংকিং প্রতিষ্ঠানের সাথে ত্রি-পক্ষীয় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে তিন পক্ষের মধ্যে ফলপ্রসূ আলোচনা হয়। অনলাইনে গ্রাহকের গ্যাস বিল পরিশোধ বিষয়ক সফটওয়্যার তৈরীর কার্যক্রম শুরু করা হয়েছে।<br><br>খ) জালালাবাদ গ্যাস এর জন্য ৫-ডিজিটের হট-লাইন নম্বর-১৬৫১১ চালু করা হয়েছে। বর্তমানে জরুরী সেলের লোকবল দ্বারা হটলাইনে কল রিসিভ কাজ পরিচালনা করা হচ্ছে। | ক) ৭০%<br>খ) ৯৫% | ক) অনলাইনে গ্রাহকের গ্যাস বিল পরিশোধ ব্যবস্থা বাস্তবানের বিষয়টি আগামী এপ্রিল,২০১৭ এর মধ্যে সম্পদন করা সম্ভব হতে পারে।<br>খ) কতিপয় মোবাইল ফোন আপারেটর কর্তৃক কল পার্কিং এর কাজ আগামী ফেব্রুয়ারী,২০১৭ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব হতে পারে। কল সেন্টার অপারেটর নিয়োগ প্রক্রিয়া চলমান আছে। জানুয়ারী. ২০১৭ এর মধ্যে লোকবল নিয়োগের কাজ সম্পন্ন করা সম্ভব হতে পারে। |

| ক্রঃ নং | বিষয়/ উদ্ভাবনী ক্ষেত্র | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের মান) | বাস্তবায়ন কাল (শুরু-সমাপ্তির তারিখ) | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) | কার্য সম্পাদনের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরু | সমাপ্তি | | | | | |
| ২ | আইডিয়া ব্যবস্থাপনা ও স্কেল-আপ। | জালালাবাদ গ্যাস এর সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে **আইডিয়া বক্স** চালুকরণ। | ০১-০২-১৬ | ৩১-১২-১৬ | প্রকৌঃ মোঃ আব্দুল মুমিন, ইনোভেশন অফিসার, জেজিটিডিএসএল। | নিত্য-নতুন ইনোভেটিভ আইডিয়া সংগ্রহ করা যাবে। সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী পরস্পরের মধ্যে আইডিয়া শেয়ার করতে পারবে। নিত্য-নতুন আইডিয়া বাস্তবায়িত হলে দাপ্তরিক কাজ-কর্মে গতিশীলতা বৃদ্ধি পাবে। | জালালাবাদ গ্যাস এ সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার জন্য সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারনা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে **আইডিয়া বক্স** চালু করা হয়েছে। আইডিয়া সংগ্রহের উদ্দেশ্যে গণ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে কোম্পানীর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের নিকট হতে আইডিয়া সংগ্রহের উদ্যোগ নেয়া হয়েছে। আইডিয়া বক্সের ছবি সংযুক্ত। | ১০০% | |
| ৩ | অনলাইনে আইডিয়া প্রদানের জন্য একটি অনলাইন প্ল্যাটফরম প্রস্তুতকরণ। | গ্যাস গ্রাহকগণ কিংবা যে কেহ অনলানে ঘরে বসে উদ্ভাবনী আইডিয়া প্রদান করতে পারে তদ্রূপ একটি অনলাইন প্ল্যাটফরম চালুকরণ। | ০১-০২-১৬ | ৩১-১২-১৬ | প্রকৌঃ মোঃ আব্দুল মুমিন, ইনোভেশন অফিসার, জেজিটিডিএসএল। | গ্যাস গ্রাহকগণ কিংবা যে কেহ অনলানে ঘরে বসে উদ্ভাবনী আইডিয়া প্রদান করতে পারবে। | অনলাইনে আইডিয়া প্রদানের জন্য একটি অনলাইন প্ল্যাটফর্ম প্রস্তুত চালু করা হয়েছে।www.jalalabadgas.org.bd/research-development-activity/idea-submission এই লিংকে প্রবেশ করে জালালাবাদ গ্যাসের গ্রাহকগণ/কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অথবা যে কেহ ঘরে বসে অনলাইনে ইনোভেটিভ আইডিয়া প্রদান করতে পারবে। জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ অনলাইনে প্রাপ্ত ইনোভেটিভ আইডিয়া সমূহ যাচাই-বাছাই করে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে পারবে। | ১০০% | |
| ৪ | সোস্যাল মিডিয়ার ব্যবহার। | সেবা পদ্ধতি সহজীকরণ ও স্বচ্ছতা আনয়ন, ইনোভেশন ইত্যাদি বিষয়ে মতামত গ্রহনের জন্য ইমেইল ব্যবহারের পাশাপাশি অন্যান্য সামাজিক যোগাযোগের মাধ্যম ব্যবহার নিশ্চিত করার সম্ভাব্যতা যাচাইকরণ। | ২৫-০৩-১৬ | ৩০-০৮-১৬ | প্রকৌঃ মোঃ আব্দুল মুমিন, ইনোভেশন অফিসার, জেজিটিডিএসএল। | কোম্পানীর বিভিন্ন সেবা/ উন্নয়নমূলক কার্যক্রম ও অন্যান্য বিষয়াদি সম্পর্কে হালনাগাদকৃত তথ্যাদি পাওয়া যাবে। কোম্পানীতে কর্মরত লোকবলের মধ্যে যোগাযোগ বৃদ্ধি পাবে। | জালালাবাদ গ্যাসের জন্য সামাজিক যোগাযোগের মাধ্যম হিসেবে **ফেসবুক পেজ** খোলা হয়েছে। এতে কোম্পানীর উন্নয়ন/সেবামূলক কর্মকান্ড প্রচারণা/ সন্নিবেশিত করা হয়ে থাকে। ইহা তথ্যবহুল করণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে অর্থাৎ বিপুল পরিমাণ তথ্যাদি এতে সন্নিবেশিত করা হবে। www.facebook.com/jalalabadgas.org.bd - এই লিংকে প্রবেশ করে জালালাবাদ গ্যাসের ফেসবুক পেজ দেখা যেতে পারে। | ১০০% | |

| ক্রঃ নং | বিষয়/ উদ্ভাবনী ক্ষেত্র | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের মান) | বাস্তবায়ন কাল (শুরু-সমাপ্তির তারিখ) | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) | কার্য সম্পাদনের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরু | সমাপ্তি | | | | | |
| ৫ | ই-টেন্ডারিং ব্যবস্থা চালুকরণ। | অনলাইনে কোম্পানীর ক্রয়(Works/Goods/ Services) কার্যক্রম বাস্তবায়ন। | ০১-০১-১৬ | ৩১-১২-১৬ | প্রকৌঃ মোঃ আব্দুল মুমিন, ইনোভেশন অফিসার, জেজিটিডিএসএল। | নাগরিক সেবা প্রদানে সন্তুষ্টি আসবে ও জনভুগান্তি লাঘব হবে। অতি সহজে অনলাইনে ঘরে বসেই টেন্ডার জমা দেয়া-নেয়া, যাচাই-বাছাই, টেন্ডার মূল্যায়ন সহ যাবতীয় কাজ করা সম্ভব হবে। কোম্পানীর ক্রয় কার্যক্রম/টেন্ডারিং বিষয়ে দ্রুত সময়ে সঠিক সেবা প্রদান করা সম্ভব হবে। ফলে সময় ও শ্রম উভয়ই সাশ্রয় হবে। | কোম্পানীর কন্সটাকশন ডিভিশন হতে একটি পূর্ত কাজ গত ১৪-১২-২০১৬ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় ই-জিপিতে পাবলিশ করা হয়েছে। https://www.eprocure.gov.bd/resources/common/ViewTender.jsp?id=78076&h=t এই লিংকে প্রবেশ করে ই-জিপিতে আহবানকৃত টেন্ডারটি দেখা যেতে পারে। | ১০০% | পর্যায়ক্রমে বিভিন্ন দরপত্র আহবানকারী ডিপার্টমেন্ট হতে অন্যান্য দরপত্র আহবান করা হবে। |

০৫/০১/২০১৭

(প্রকৌঃ মোঃ রবিউল আলম)
উপ-ব্যবস্থাপক, কেন্দ্রীয় রাজস্ব
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট
ইনোভেশন টিম

(আবু তাহের মোঃ ছাদেক)
ইনচার্জ (অর্থ ডিপার্টমেন্ট)
ও
সদস্য, ইনোভেশন টিম

০৫/০১/২০১৭
মহাব্যবস্থাপক (অপারেশন)
ও
ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম